

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
হরিরামপুর, মানিকগঞ্জ।
www.harirampur.manikgani.gov.bd

উপজেলা আইন-শৃঙ্খলা কমিটির জানুয়ারি ২০২৪ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী :

সভাপতি : মোঃ শাহরিয়ার রহমান, উপজেলা নির্বাহী অফিসার, হরিরামপুর, মানিকগঞ্জ।
সভার তারিখ ও সময় : ৩১ জানুয়ারি ২০২৪ সকাল ১১:০০ টা।
সভার স্থান : উপজেলা পরিষদ মিলনায়তন

উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দ : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সহকারী কমিশনার (ভূমি) বিগত সভার সিদ্ধান্তসমূহ সভায় পাঠ করে শোনান এবং কোন সংশোধনী না থাকায় উহা দৃঢ়করণ করা হয়। অতঃপর উপস্থিত সদস্যগণকে আইন-শৃঙ্খলা বিষয়ে মতামত প্রদানের জন্য অনুরোধ করেন। বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

ক্র:নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	ডিসেম্বর ২০২৩ মাসে রুজুকৃত মামলার তথ্য: অফিসার ইনচার্জ, হরিরামপুর থানা সভাকে জানান যে, হরিরামপুর উপজেলার আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। অক্টোবর ২০২৩ মাসে হরিরামপুর থানায় মোট ০৯টি মামলা রুজু হয়েছে। এরমধ্যে মাদক নিয়ন্ত্রণ আইনে ০১ টি, ও অন্যান্য আইনে ০৮টি মামলা হয়েছে। এছাড়া ০৭টি শ্রেণ্ডারী পরোয়ানা তামিল করা হয়েছে। আইন-শৃঙ্খলা রক্ষায় পুলিশী অভিযান অব্যাহত রয়েছে।	ক) আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখতে প্রয়োজনীয় পুলিশ টহল অব্যাহত রাখতে হবে।	অফিসার ইনচার্জ
০২	ডিসেম্বর ২০২৩ মাসে মোবাইল কোর্টের তথ্য : ডিসেম্বর/২৩ মাসে মোবাইল কোর্টে মামলার সংখ্যা ২৩টি, জরিমানা আদায় করা হয়েছে ২২,৫০০/- (বাইশ হাজার পাঁচশত) টাকা। ১৩/১২/২০২৩ ইং তারিখে বাবুরহাটি, ধূলগুড়া আঃ সালামের বাড়ির উঠান মাদকদব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮ এ মামলার সংখ্যা-১ অর্থ দন্ড ১,০০০ টাকা এবং ০৩ তিন) মাসের বিনাশ্রম কারাদন্ড। ১৮/১২/২০২৩ হারুকাঙ্গি দক্ষিণ চাঁদপুর বাজারের মোড়ে সড়ক পরিবহন আইন ২০১৮ এর আওতায় মামলার সংখ্যা-০৪টি, জরিমানা-২,০০০/- টাকা। ২০/১২/২০২৩ ইং তারিখে পাটগ্রাম মোড়ে, মামলার সংখ্যা-০৯টি, জরিমানা-৯,৫০০/- টাকা। ২৫/১২/২০২৩ ইং তারিখে ঝিটকা বাজারে মামলার সংখ্যা-০১টি, জরিমানা-২,০০০/- টাকা। ২৬/১২/২০২৩ ইং তারিখে সদর উপজেলার বাঘুটিয়া বাজারে মামলার সংখ্যা-০১টি, জরিমানা-২,০০০/- টাকা। ২৮/১২/২০২৩ ইং তারিখে কৌড়ী কলেজ গেটে মামলার সংখ্যা-০৭টি, জরিমানা-৬,০০০/- টাকা।	উপজেলার পরিচালনা রাখতে মোবাইল কোর্ট অব্যাহত রাখতে হবে।	ক) উপজেলা নির্বাহী অফিসার খ) সহকারী কমিশনার (ভূমি)
০৩	উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, ডিসেম্বর/২০২৩ মাস পর্যন্ত মানিকগঞ্জ জেলা কারাগারে হরিরামপুর উপজেলার কোন শিশু-কিশোর আটক নেই। ০৫জন শিশু-কিশোর সংশোধনাগারে আছে।	শিশু-কিশোর অপরাধ সম্পর্কে সভায় নিয়মিত তথ্য উপস্থাপন করতে হবে।	উপজেলা সমাজসেবা কর্মকর্তা
০৪	উপজেলা মৎস্য কর্মকর্তা জানান যে, উপজেলার বিভিন্ন হাট-বাজারে জাকটা ইলিশ রক্ষায় অভিযান অব্যাহত রয়েছে। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।	নিয়মিত অভিযান অব্যাহত রাখতে হবে।	উপজেলা মৎস্য কর্মকর্তা
০৫	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভাকে জানান যে, ডিসেম্বর ২০২৩ মাসে ০২টি সচেতনতামূলক উঠান বৈঠক করা হয়েছে। বাল্য বিবাহের কোন তথ্য পাওয়া যায়নি।	নিয়মিত উঠান বৈঠক অব্যাহত রাখতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা

৪০

০৩	চেয়ারম্যান, হারুকান্দি ইউনিয়ন পরিষদ জানান যে, হারুকান্দি ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। মাদক নিয়ন্ত্রণে গ্রাম পুলিশদের সার্বক্ষণিক সতর্ক দৃষ্টি রাখার জন্য বলা হয়েছে।	সন্ত্রাস, নাশকতা ও মাদক নিয়ন্ত্রণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	১। সহকারী কমিশনার (ভূমি) ২। অফিসার ইনচার্জ
০৪	চেয়ারম্যান, বাঘা ইউনিয়ন পরিষদ জানান যে, বাঘা ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তিনি মাদক নিয়ন্ত্রণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের আহ্বান জানান।	মাদক নিয়ন্ত্রণে পুলিশী অভিযান বৃদ্ধি করাকে হবে।	অফিসার ইনচার্জ
০৫	চেয়ারম্যান, গোপীনাথপুর ইউনিয়ন পরিষদ জানান যে, ইউনিয়নের আইন-শৃঙ্খলা পরিস্থিতি ভালো। মাদক নিয়ন্ত্রণে পুলিশী অভিযান অব্যাহত রাখার অনুরোধ জানান।	মাদক নিয়ন্ত্রণে পুলিশের অভিযান অব্যাহত রাখতে হবে।	অফিসার ইনচার্জ

পরিশেষে সভাপতি এলাকায় আইন-শৃঙ্খলা পরিস্থিতির অবনতি যাতে না হয় এ বিষয়ে সকলকে সতর্ক থাকার আহ্বান জানান। এলাকার যে কোন ঘটনা তাৎক্ষণিকভাবে কর্তৃপক্ষকে অবহিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। প্রতিটি ইউনিয়নে নিয়মিত মাসিক আইন-শৃঙ্খলা কমিটির সভা করে যথারীতি সভার কার্যবিবরণী প্রেরণ নিশ্চিত করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ শাহরিয়ার রহমান
সভাপতি
উপজেলা আইন-শৃঙ্খলা কমিটি
ও
উপজেলা নির্বাহী অফিসার
হরিরামপুর, মানিকগঞ্জ।

১৭ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ

তারিখ: -----

৩১ জানুয়ারি ২০২৩ খ্রি:

স্মারক নং-০৫.৩০.৫৬২৮.০০০.০৭.০৫০.২৩- ৭০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। মাননীয় সংসদ সদস্য, ১৬৯ মানিকগঞ্জ-২, বাংলাদেশ জাতীয় সংসদ।
- ০২। কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
- ০৩। জেলা প্রশাসক, মানিকগঞ্জ।
- ০৪। পুলিশ সুপার, মানিকগঞ্জ।
- ০৫। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিরামপুর, মানিকগঞ্জ।
- ০৬। ডাইস চেয়ারম্যান/মহিলা ডাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হরিরামপুর, মানিকগঞ্জ।
- ০৭। অফিসার ইনচার্জ, হরিরামপুর থানা।
- ০৮। উপজেলা কর্মকর্তা, হরিরামপুর, মানিকগঞ্জ।
- ০৯। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ, হরিরামপুর।
- ১০। জনাব
- ১১। অফিস কপি।



উপজেলা নির্বাহী অফিসার
হরিরামপুর, মানিকগঞ্জ।